# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৮০

১১/ বিবাহ (كتاب النكاح عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ বিবাহের ফযীলত এবং এতদ্বিষয়ে উৎসাহিত করা।

## باب مَا جَاءَ فِي فَضْلِ التَّزْوِيجِ وَالْحَثِّ عَلَيْهِ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ، عَنِ الْحَجَّاجِ، عَنْ مَكْحُولٍ، عَنْ أَبِي الشِّمَالِ، عَنْ أَبِي أَيُّوبَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَرْبَعٌ مِنْ سُنَنِ الْمُرْسَلِينَ الْحَيَاءُ وَالتَّعَطُّرُ وَالسِّوَاكُ وَالنِّكَاحُ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُثْمَانَ وَثَوْبَانَ وَابْنِ مَسْعُودٍ وَعَائِشَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو وَأَبِي نَجِيحٍ وَجَابِرٍ وَعَكَّافٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي أَيُّوبَ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ .
حَدَّثَنَا مَحْمُودُ بْنُ خِدَاشٍ الْبَغْدَادِيُّ، حَدَّثَنَا عَبَّادُ بْنُ الْعَوَّامِ، عَنِ الْحَجَّاجِ، عَنْ مَكْحُولٍ، عَنْ أَبِي الشِّمَالِ، عَنْ أَبِي أَيُّوبَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ حَدِيثِ حَفْصٍ . قَالَ أَبُو عِيسَى وَرَوَى هَذَا الْحَدِيثَ هُشَيْمٌ وَمُحَمَّدُ بْنُ يَزِيدَ الْوَاسِطِيُّ وَأَبُو مُعَاوِيَةَ وَغَيْرُ وَاحِدٍ عَنِ الْحَجَّاجِ عَنْ مَكْحُولٍ عَنْ أَبِي أَيُّوبَ وَلَمْ يَذْكُرُوا فِيهِ عَنْ أَبِي الشِّمَالِ وَحَدِيثُ حَفْصِ بْنِ غِيَاثٍ وَعَبَّادِ بْنِ الْعَوَّامِ أَصَحُّ .

বাংলা

১০৮০. সুফইয়ান ইবনু ওয়াকী’ (রহঃ) ..... আবূ আয়্যূব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, চারটি বিষয় হলো রাসূলগণের সুন্নাত; লজ্জা, আতর ব্যবহার, মিসওয়াক এবং বিবাহ। - মিশকাত ৩৮২, ইরওয়া ৭৫, আর রাদ্দুআলা আল-কাত্তানী পৃঃ ১২, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৮০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উছমান, ছাওবান, ইবনু মাসউদ, আয়িশা, আবদুল্লাহ ইবনু আমর, জাবির ও আককাফ রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবূ আয়্যূব রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান গারীব। মাহমূদ ইবনু খিদাশ (রহঃ) ..... আবূ আবয়্যূব রাদিয়াল্লাহু আনহু থেকে হাফস (রহঃ)-এর হাদীসের অনুরূপ বর্ণিত আছে। এই হাদীসটি হুশায়ম, মুহাম্মাদ ইবনু ইয়াযীদ আল-ওয়াসিতী, আবূ মুআবিয়া

(রহঃ) প্রমুখ আল- হাজ্জাজ-মাকহূল-আবূ আয়্যুব রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেছেন। কিন্তু তাঁদের রিওয়ায়াতে আবূশ শিমাল (রহঃ) এর উল্লেখ নাই। হাফস ইবনু গিয়াছ ও আব্বাস ইবনু আওয়াম (রহঃ)-এর রিওয়ায়াতটই অধিকতর সাহীহ।

## English

Abu Ayyub narrated that :
The Messenger of Allah said: "Four are from the Sunan of the Messengers: Al-Hayat, using Atar, the Siwak, and marriage."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন